

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার নং-২৫

তারিখঃ ০৬/১২/২০০৭ইং

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

সকল তফসিলী ব্যাংক

ও

সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

একুইটি এন্ড অন্টোপ্র্যানারশীপ ফান্ড (ইইএফ) - আইটি প্রকল্পে ইইএফ সহায়তা প্রদান।

ইইএফ সার্কুলার নং-২১ তারিখ-০৯/০৮/২০০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারে উল্লেখিত ছিল যে, পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ইইএফ সহায়তার জন্য প্রকল্প প্রস্তাবনা যা ইতিমধ্যেই ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত হয়েছে সেগুলোর মূল্যায়ন স্থগিত থাকবে, তবে মূল্যায়নের জন্য ইতিমধ্যে ০৯/০৮/২০০৫ তারিখ পর্যন্ত গৃহীত প্রকল্পের তালিকা অবিলম্বে বাংলাদেশ ব্যাংকে সরবরাহ করতে হবে। এছাড়া পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নতুন ইইএফ সহায়তার আবেদন গ্রহণ করা স্থগিত থাকবে মর্মেও উল্লেখিত সার্কুলারে নির্দেশনা ছিল।

এক্ষণে, উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে ইইএফ সহায়তার জন্য নতুন আইটি প্রকল্প প্রস্তাব ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ উদ্যোক্তাদের নিকট হতে গ্রহণ করবে :

- ০১) যে সমস্ত নতুন উদ্যোক্তা সৃজনশীল, দক্ষতা সম্পন্ন, সম্ভাবনাময় এবং প্রচলিত প্রাতিষ্ঠানিক ঋণ সুবিধা পেতে অসমর্থ কেবল তারাই নতুন আইটি প্রকল্পের অনুকূলে ইইএফ সুবিধার জন্য আবেদন করতে পারবেন;
- ০২) মোট প্রকল্প ব্যয় সর্বনিম্ন ০.৫০ কোটি টাকা হতে সর্বোচ্চ ৫.০০ কোটি টাকা হতে হবে ;
- ০৩) প্রকল্প ব্যয় ৫.০০ কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে প্রচলিত ঋণ মূলধন অনুপাত মেনে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে মেয়াদী ঋণ গ্রহণকারী প্রকল্পে একুইটির ৪৯% অথবা প্রকল্প ব্যয়ের ৩৩.৩৩% এর মধ্যে যেটি কম তা ইইএফ সহায়তা হিসেবে দেয়া হবে ;
- ০৪) ইইএফ তহবিলের ১ম কিস্তি ছাড়ের ৬ মাসের মধ্যে ব্যবসা শুরু করার লক্ষ্যে বিনিয়োগের সুনির্দিষ্ট উদ্যোগ নিতে হবে ;
- ০৫) ইইএফ তহবিলের ১ম কিস্তি ছাড়ের ৪ বছরের মধ্যে সরকারের নামে ইস্যুকৃত শেয়ারের ২০% বাই-ব্যাংক করতে হবে ;
- ০৬) অবশিষ্ট সরকারী শেয়ারসমূহ ২০% হারে (মোট সরকারী শেয়ারের) ১ম কিস্তি ছাড়ের ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম বছরের মধ্যে বাই-ব্যাংক করতে হবে। কোন কোম্পানী ইচ্ছা করলে সম্পূর্ণ সরকারী শেয়ার ৪ বৎসরের পূর্বে এবং এর চেয়ে কম সংখ্যক কিস্তিতেও বাই-ব্যাংক করতে পারবে ;

০৭) ইইএফ ইউনিটকে অবহিত না করে ব্যবসায়িক ঠিকানা পরিবর্তন বা ব্যবসা বন্ধ করা যাবে না মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে ;

০৮) মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ইইএফ সহায়তার অর্থ প্রকল্পে বিনিয়োগ না করলে/ব্যবসা বন্ধ করলে বা প্রকল্পের অস্তিত্ব না পাওয়া গেলে কারণ দর্শানো নোটিশ জারী করে বিনিয়োগ চুক্তি বাতিলক্রমে সমমূলধন হিসাবে সহায়তাপ্রাপ্ত অর্থ ঋণে রূপান্তর করে তা আদায়ের জন্য দেশের প্রচলিত আইনের আওতায় যথাযথ আইনী পদক্ষেপ গ্রহন করার বিষয়ে ইনভেস্টমেন্ট এগ্রিমেন্টে সুস্পষ্ট শর্ত আরোপ করতে হবে । এ বিষয়ে কোম্পানীর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশনেও সুস্পষ্ট শর্ত সন্নিবেশিত থাকতে হবে ।

ইইএফ নীতিমালা অনুযায়ী আইটি প্রকল্পসমূহ মূল্যায়নের জন্য পেশাগত দক্ষতাসম্পন্ন ফিন্যান্সিয়াল এনালিস্ট ও আইটি জ্ঞানসম্পন্ন বিশেষজ্ঞ সমন্বয়ে কমপক্ষে তিন সদস্য বিশিষ্ট প্রকল্প মূল্যায়ন কমিটি গঠন করতে হবে । কমিটি ইইএফ নীতিমালার সাথে সংগতি রেখে প্রকল্প প্রস্তাবনা মূল্যায়নপূর্বক সুস্পষ্ট মতামত সহকারে মূল্যায়ন প্রতিবেদন দাখিল করবে । মূল্যায়ন প্রতিবেদনে বিশেষজ্ঞ কমিটির সকল সদস্যের স্বাক্ষর থাকতে হবে । ইইএফ সহায়তা প্রদান করা বা না করার বিষয়ে মূল্যায়ন প্রতিবেদনে সুস্পষ্ট মতামত না থাকলে ইইএফ ইউনিট সংশ্লিষ্ট প্রকল্প প্রস্তাব বিবেচনা করবে না ।

মূল্যায়নকারী প্রতিষ্ঠান কর্তৃক মূল্যায়নকৃত প্রকল্প প্রস্তাব ইইএফ ইউনিটে প্রেরণ ইইএফ সহায়তা প্রদানের নিশ্চয়তা বিধান করবে না ।

এ পর্যন্ত জারিকৃত ইইএফ সাকুলারে বর্ণিত অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত থাকবে ।

এই নির্দেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন এবং সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(এ, টি, এম, ফজলে রব)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১৬৩৬৫০